

## বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের কর্মকর্তা ও কর্মচারীদের পুনর্মিলনী ২০১৭ অনুষ্ঠিত

গত ২৩ এপ্রিল ২০১৭ রোজ শুক্রবার বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের প্রাক্তন ও বর্তমান কর্মকর্তা-কর্মচারীদের পুনর্মিলনী অনুষ্ঠিত হয়। কাউন্সিল হতে এ যাবত অবসরপ্রাপ্ত সকল কর্মকর্তা ও কর্মচারীদের অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়। বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. মোহাম্মদ জালাল উদ্দীন সকাল ৮:০০ ঘটিকায় পুনর্মিলনী কর্মসূচীর উদ্বোধন করেন। কাউন্সিলের কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ সমিতির যৌথ উদ্যোগে এই কর্মসূচী আয়োজন করা হয়।

পুনর্মিলনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাউন্সিলের সাবেক আট জন নির্বাহী চেয়ারম্যানঃ ড. জহুরুল করিম (সাবেক সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার), ড. এ. কে. এম. এ মনিরুজ্জামান, ড. এম. এ. হামিদ মিয়া, ড. এম. নূরুল আলম, ড. মো: আবদুর রাজ্জাক, জনাব এম. হারুনুর-উর-রশীদ, ড. ওয়ায়েস কবীর এবং ড. মো: খালেকুজ্জামান আকন্দ চৌধুরী। আরো উপস্থিত ছিলেন ড. মো: শহীদুল ইসলাম, সাবেক সদস্য-পরিচালক (মৃত্তিকা) ও সাবেক মহাপরিচালক, বিএআরআই, ড. এম শাহাদাদ হোসাইন, সাবেক সদস্য-পরিচালক (এইআরএস) এবং সাবেক মহাপরিচালক, বিএআরআই / বিজেআরআই, জনাব এ,টি,এম সালেহউদ্দিন চৌধুরী, প্রাক্তন সদস্য-পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং মহাপরিচালক, বিএসআরআই, মিসেস সুলতানা রাজিয়া, সাবেক সদস্য-পরিচালক (এনআরএম), বিএআরসি, বীর মুক্তিযোদ্ধা ড. জাহাঙ্গীর আলম খান, সাবেক সদস্য-পরিচালক (এইআরএস) এবং মহাপরিচালক, বিএলআরআই, ড. মোসলেম উদ্দিন মিয়া, সাবেক সদস্য-পরিচালক (এনআরএম), বিএআরসি, জনাব মোঃ আনোয়ার ইকবাল, সাবেক সদস্য-পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন), বিএআরসি, ড. শেখ গোলাম হুসাইন, প্রাক্তন সদস্য-পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন), বিএআরসি, ড. মো: মোসলেম উদ্দিন, পরিচালক (পুষ্টি) ও সদস্য-পরিচালক (প্রাণিসম্পদ), বিএআরসি, ড. এস,এম,খলিলুর রহমান, সাবেক সদস্যগুপরিচালক (এইআরএস), বিএআরসি, জনাব মোঃ খায়রুল বাশার, প্রাক্তন সদস্য-পরিচালক (প্রাণিসম্পদ)/ (প্রশাসন ও অর্থ), বিএআরসি, ড. নূর আহমেদ খোন্দকার, বাংলাদেশে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার প্রতিনিধির সহকারী, ড. সেলিনা আহসান, সাবেক সিএসও (এইআরএস), বিএআরসি, জনাব মোঃ ইসলাম উদ্দিন মন্ডল, সাবেক পরিচালক (অর্থ), বিএআরসি, জনাব মোঃ মুজিবুর রহমান, সাবেক পরিচালক (অর্থ),বিএআরসি এবং মিসেস মানসুরা বেগম, প্রাক্তন প্রধান ডকুমেন্টেশন অফিসার, বিএআরসি। অনুষ্ঠানে কাউন্সিলের সদস্য-পরিচালক, পরিচালকসহ বিভিন্ন স্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

বিএআরসি'র মিলনায়তনে বেলা ১১.০০ ঘটিকায় কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. মোহাম্মদ জালাল উদ্দীন এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীগণ বিএআরসিতে তাদের দীর্ঘ চাকুরী জীবনের স্মৃতি চারণ করেন। বর্তমানে দেশে কৃষি গবেষণা ও উন্নয়নের কথা উল্লে-খ করে জ্যেষ্ঠ কৃষি বিজ্ঞানীগণ বলেন যে কৃষির সমস্যা ও সম্ভাবনা বিষয়ে তাঁরা তাদের জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ে সদা প্রস্তুত। কাউন্সিলের অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের মধ্যে যারা ইতোমধ্যে ইন্টেকাল করেছেন এবং যারা চাকুরী অবস্থায় ইন্টেকাল করেছেন তাঁদের স্মরণে দোয়া ও মাগফেরাত কামনা করে মোনাজাত করা হয়। অনুষ্ঠানে উপস্থিত সকল প্রাক্তন কর্মকর্তা ও কর্মচারীদের কাউন্সিলের পক্ষ থেকে সম্মাননাসূচক ক্রেস্ট প্রদান করা হয়ে। উল্লে-খ্য আমন্ত্রিত সকল অতিথির সম্মানে মধ্যাহ্ন ভোজের আয়োজন করা হয়।

কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. মোহাম্মদ জালাল উদ্দীন বর্তমানে দেশে কৃষি গবেষণা ও উন্নয়নে তথা কৃষিতে যে সফলতা এসেছে তার জন্য তিনি কৃষি গবেষণা কাউন্সিলের অবসরপ্রাপ্ত জ্যেষ্ঠ বিজ্ঞানীদের অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন। সর্বশেষে তিনি কাউন্সিলের সকল বর্তমান ও প্রাক্তন কর্মকর্তা ও কর্মচারীদের এই পুনর্মিলনী অনুষ্ঠানে যোগদানের জন্য ধন্যবাদ জানান।

মো: মুস্তাফিজুর রহমান  
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা  
বিএআরসি